Government of the people's Republic of Bangladesh
Ministry of Housing and Public Works
Urban Development Directorate
82 Segunbagicha, Dhaka-1000

PREPARATION OF DEVELOPMENT PLAN FOR MEHERPUR ZILLA

REPORT ON ASSIGNMENT-3

Collection of Secondary Data and Assessment Report of Meherpur District

November 2024

Hafiza Nazneen Labonno
Junior Urban Planner

“সেকেণ্ডারি ডাটা সংগ্রহের জন্য মেহেরপুরের সরকারি অফিস সমূহ পরিদর্শন”



সূচনাঃ মেহেরপুর জেলা উন্নয়ন প্রকল্পের অংশ হিসেবে সরকারি অফিস পরিদর্শনের বিবরণ

নগর উন্নয়ন অধিদপ্তর থেকে গৃহীত মেহেরপুর জেলা উন্নয়ন প্রকল্পের কার্যক্রমের অংশ হিসেবে ২৩-১১-২০২৪ থেকে ২৭-১১-২০২৪ তারিখ পর্যন্ত মেহেরপুর জেলার বিভিন্ন সরকারি অফিস পরিদর্শন করা হয়েছে। এই পরিদর্শনের উদ্দেশ্য ছিল সংশ্লিষ্ট অফিসগুলোর চলমান প্রকল্পসমূহের তথ্য সংগ্রহ, ভবিষ্যৎ পরিকল্পনার খসড়া নিরূপণ এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সম্পর্কে সরকারি কর্মকর্তাদের মতামত গ্রহণ। পরিদর্শন কার্যক্রমের সময় বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করা হয়। আলোচনা চলাকালীন তাদের সাথে প্রকল্পের নানাদিক নিয়ে মতবিনিময় হয়। বিশেষত-

চলমান সরকারি প্রকল্পসমূহ: প্রকল্পগুলোর অগ্রগতি, চ্যালেঞ্জ এবং সম্ভাব্য সমাধান নিয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ করা হয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা: মেহেরপুর জেলার উন্নয়নে তাদের পরিকল্পনা ও অগ্রাধিকারের বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়েছে।

মাস্টার প্ল্যান সম্পর্কিত মতামত: মেহেরপুর জেলা উন্নয়ন প্রকল্পের গুরুত্ব এবং প্রয়োগ নিয়ে কর্মকর্তাদের অভিমত নেয়া হয়েছে।

কর্মকর্তাদের সঙ্গে আলোচনা থেকে প্রাপ্ত গুরুত্বপূর্ণ তথ্য ও সুপারিশ এই প্রতিবেদনে বিশদভাবে তুলে ধরা হয়েছে। এটি প্রকল্পের ভবিষ্যৎ অগ্রগতি ও বাস্তবায়নে সহায়ক হবে।

উপরোক্ত মানচিত্রে পরিদর্শিত সরকারি অফিসগুলোর অবস্থান চিহ্নিত করা হয়েছে। এছাড়াও, যে সরকারি অফিসগুলো পরিদর্শন করা হয়েছে, তাদের তালিকা সংযুক্তি আকারে যুক্ত করা হয়েছে। এই তথ্যগুলো সংশ্লিষ্ট সকলের জন্য একটি মূল্যবান রেফারেন্স হিসেবে কাজ করবে এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে দিকনির্দেশনা প্রদান করবে।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), মেহেরপুরঃ

মোঃ হাবিবুর রহমান, সহকারী সিনিয়র ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর মেহেরপুরে ৩ টি সেক্টরে কাজ করে-

১। শহর অঞ্চলঃ পৌরসভা ও সিটি করপোরেশন ব্যাতীত শহর অঞ্চলের রাস্তা-ঘাট, ড্রেন, বাজার অবকাঠামো, শিক্ষাপ্রতিষ্ঠান, মসজিদ ইত্যাদি তৈরি ও মেরামত করা। বর্তমানে সড়ক ও ড্রেনের পাশাপাশি মেহেরপুরের নতুন ওয়াটার ট্রিট্‌মেন্ট প্লান্টের কাছে সুইপারদের জন্য ৪৮ টি ফ্লাট সহ ৭ তলা বিল্ডিং নির্মানাধীন রয়েছে।

২। গ্রামীণ অঞ্চলঃ ২০০ মিটারের উপরের গ্রামীণ সড়ক, বাজার অবকাঠামো, শিক্ষাপ্রতিষ্ঠান, মসজিদ ইত্যাদি তৈরি ও মেরামত করা। বর্তমানে গ্রামীণ সড়কের পাশাপাশি গ্রোথ সেন্টার ও বাজার সমূহে ২ তলা ও ৪ তলা অবকাঠামো নির্মাণাধীন রয়েছে।

৩। কৃষিজ পানি সরবরাহঃ ভূপৃষ্ঠের পানিকে বারিড ৫ পাইপের মাধ্যমে অথবা খালের পানি বাধ দিয়ে কৃষিকাজের জন্য সরবরাহ করা, প্রয়োজনে সংরক্ষণ করা। বর্তমানে এই প্রকল্পের আওতায় মেহেরপুরের গাংনী ও মুজিবনগরে কাজ চলছে।

মতামতঃ মেহেরপুরে তুলনামূলোক জলাশয় কম, বৃষ্টিপাতও কম কিন্তু মাটি খুবই উর্বর। বিভিন্ন কারণ বশতঃ কৃষিতে উন্নয়ন কম এখানে। কৃষিজ উন্নয়ন খুবই দরকার এলাকার অগ্রগতির জন্য। মেহেরপুর পৌরসভাতে জলাবদ্ধতার সমস্যা দূরীকরণে ড্রেনেজ সিস্টেমের সংস্করণ ও নতুন অবকাঠামো দরকার। শহর এলাকাটি অত্যন্ত ছোট ও অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে। এখনি উদ্যোগ গ্রহণ করলে সুন্দরভাবে নগরায়ন সম্ভব। পাবলিক পার্টিসিপেশন নেয়াটা খুবই জরুরি।

বর্তমানে এলজিইডি, মেহেরপুর অধীনে নিম্নলিখিত প্রকল্পসমূহ চলমান আছেঃ

১। পল্লী সড়ক / কালভার্ট মেরামত কর্মসূচী।
২। সারাদেশে পুকুর, খাল উন্নয়ন প্রকল্প (IPCP)।
৩। বৃহত্তর কুষ্টিয়া জেলা গ্রামীন অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প (GKRIDP)।
৪। অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ গ্রমীণ অবকাঠামো উন্নয়নপ্রকল্প (IRIDP-2) ।
৫। খুলনা বিভাগীয় গ্রমীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (KDRIDP)।
৬। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প।
৭। মুক্তিযোদ্ধা ইতিহাসিক স্হাপনাসমূহ সংরক্ষন পূন:নির্মান প্রকল্প।
৮। সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মান প্রকল্প।
৯। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প ।(GSIDP)
১০। বন্যা ও দুর্যোগে ক্ষতিগ্রস্ত পল্লী সড়ক অবকাঠামো পূনর্বাসন প্রকল্প ।
১১। গ্রাম সড়ক পূনর্বাসন প্রকল্প ।
১২। উপজেলা পরিষদ ভবন নির্মান প্রকল্প ।
১৩। ইউনিয়ন পরিষদ ভবন নির্মান প্রকল্প ।
১৪। প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রিজেস (SUP-BR)।
১৫। উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টারপ্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (UTMIDP)।
১৬। রুরাল কানেকটিভিটি ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (RCIP)।
১৭। দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (CRMIDP)।
১৮। টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (SSSWRDP)।

পৌরসভা অফিস, মেহেরপুরঃ

জ্বি. এম ওবায়দুল্লাহ, পৌর নির্বাহী কর্মকর্তা, পৌরসভা অফিস, মেহেরপুর।

মতামতঃ পৌরসভার ট্যাক্স দিতে মানুষের অনীহা থাকায় রাজস্ব আয় অনেক কম, যার ফলে উন্নয়ন কাজে ব্যাঘাত ঘটে। পৌরসভার কিছু কিছু ড্রেনের মেইন সংযোগে সমস্যা রয়েছে, তাছাড়া মানুষজন ময়লা আবর্জনা ফেলার কারণে পানির প্রবাহে ব্যঘাত ঘটে। ৯০০০ হোল্ডিং এর মধ্যে ৪৭০০ মত পানিক লাইন আছে, নতুন ওয়াটার ট্রিট্‌মেন্ট প্লান্ট চালু হলে ধীরে ধীরে সকল বাসায় সংযোগ দেয়া হতে পারে। ১ স্কয়ার কিলোমিটারে ২জন পরিচ্ছন্নকর্মী থাকার নিয়ম, সেখানে মোট ১১০ জন কর্মী আছে, তারপরও পরিচ্ছন্নকর্মীর অভাব রয়েছে। প্রায় ৪৫০০ ডাস্টবিন আছে কিন্তু মানুষ টাকা দিয়ে সুবিধা নিতে অনাগ্রহী। বর্তমানে মোট ৫৪ টি প্রকল্প চলমান রয়েছে। চলমান প্রকল্পসমূহের তালিকা (১ম পৃষ্ঠা) সংযুক্তিতে দেয়া হয়েছে। নিচে পৌরসভা থেকে সংগ্রীহিত ওয়ার্ড বাউণ্ডারি অংকিত ম্যাপ এবং চলমান প্রকল্পসমূহের অংকিত ম্যাপ দেয়া হলো-





বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, মেহেরপুরঃ

আব্দুল আলীম, উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, মেহেরপুর।

বিগত জুন ২০২৩ সালে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ এর কাজ শেষ হয়েছে। এই প্রকল্পের প্রধান বৈশিষ্ট ছিলো Bottom to Top প্রসেস। প্রতি স্কিমের ব্যয় ১ লক্ষ টাকা, যার মধ্যে সরকার দেয় ৮০%, ইউনিয়ন পরিষদ দেয় ৫% ও জনগণ দেয় ১৫%। এই প্রকল্পের বিভিন্ন স্কিমে পল্লী সড়ক (এলজিইডি যেসব সড়কের কাজ করে না), কাল্‌ভার্ট, ড্রেন, যাত্রী ছাউনি, বজ্রপাত থেকে বাচার জন্য ছাউনি, পুকুরের ঘাট, মসজিদ, টিউব অয়েল, সোলার লাইট ইত্যাদি নির্মাণ ও মেরামত করা।

মতামতঃ যদিও অংশীদারিত্বমূলক প্রক্রিয়া খুবই সময়োপযোগী, কিন্তু এটার অনেক প্রতিকূলতা রয়েছে। রাজনৈতিক বিভিন্ন প্রতিবন্ধকতার কারণে ইউনিয়ন পরিষদ থেকে ৫% ব্যয়ের টাকা প্রাপ্তিতে অনেক

সমস্যা হয়। যার ফলে প্রকল্পের কাজ ধীর গতিতে চলে। চলমান প্রকল্প সমূহের তালিকাসংযুক্তিতে দেয়া হয়েছে।

জেলা প্রশাসক অফিস, মেহেরপুরঃ

মোঃ সাজেদুল ইসলাম, এনডিসি, মেহেরপুর।
মতামতঃ বড় বাজারের রোড প্রশস্ত করা দরকার, সবজিগুলোর যথাযথ পরিবহন দরকার। প্রচুর সবজি হয় কিন্তু যথাযথ পরিবহনের অভাবে সঠিকভাবে দেশের অন্যান্য জায়গায় রপ্তানি করা সম্ভব হচ্ছে না। বেশ কয়েকটি নদী থাকলেও নদীগুলো মৃতপ্রায়, যা অতি সত্তর খনন করা জরুরি। বর্তমানে যুব সমাজের প্রধান সমস্যা হলো অনলাইন জুয়ায় আসক্ত হয়ে যাওয়া।

উপজেলা পরিষদ, মুজিবনগর উপজেলা, মেহেরপুরঃ

মোঃ খায়রুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা, মুজিবনগর উপজেলা, মেহেরপুর।
মতামতঃ মুজিবনগরে স্থলবন্দরের গেজেট হয়ে রয়েছে কিন্তু এখনো বন্দর ও সংযোগকারী সড়কের কাজ শুরু হয়নি। বন্দরটি দ্রুত চালু হলে অত্র অঞ্চলের ব্যাপক উন্নয়ন সম্ভব। মুজিবনগর উপজেলার প্রধান সমস্যাগুলো হলো যুব সমাজের অনলাইন ক্যাসিনোতে আসক্তি, মাদক চোরাচালান এবং আত্মহত্যার প্রবণতা অনেক বেশি। আর সম্ভাবনাগুলো হলো ব্লাক বেঙ্গল ছাগল, ৪ ফসলি জমি, মেহের সাগর কলা, সুখ সাগর পেয়াজ, আম রুপালি আম ইত্যাদি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মেহেরপুরঃ
এনামুল হক, উপপরিচালক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মেহেরপুর।

কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রধান কাজ দানাদার ও তৈল জাতীয় শস্য-এর বীজ উৎপাদন ও সাপ্লাই করা। সার ব্যবস্থাপনা করা (TSP, DAP, পটাশ)- ১/৩ পরিমাণ বিপণন করা হয়, সেচ প্রকল্প (কুষ্টিয়া রেজিওনের একটি প্রকল্প। এই প্রতিষ্ঠান কর্তৃক চুক্তিবদ্ধ কৃষকের মাধ্যমে বীজ উৎপাদন করা হয়। মোট ৪ টা খামার রয়েছে বীজ উতপাদনের জন্য- কারাদীতে ১ টি (৫০০ একর), চিতলাতে ১ টি (৫০০ একর) এবং আমঝুপিতে ২ টি (মোট ১০০০ একর- ৫০০ একর খাদ্য শস্য ও ৫০০ একর তৈল বীজ)।

জোনের নাম ঃ- মেহেরপুর কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোন ।

ইউনিটের নাম	ব্লকের নাম	মোট এরিয়া (একরে)	মোট স্কীমের সংখ্যা	মোট চাষির সংখ্যা	ফসল ভিত্তিক এরিয়া (একর)				
					আউশ	আমন	গম	বোরো	ভূট্টা
মেহেরপুর	মেহেরপুর	৫৯৯.৭১	২৯	২৭৩	৫৯৯.৭১	৫৯৯.৭১	৫৯৯.৭১	৫৯৯.৭১	-
	কুতুবপুর	৮০০.২৩	৪৩	৬০২	৮০০.২৩	৮০০.২৩	৮০০.২৩	৮০০.২৩	-
	গাড়াডোব	১৬৮৫.২৭	৮৪	৭০৩	১৬৮৫.২৭	১৬৮৫.২৭	১৬৮৫.২৭	১৬৮৫.২৭	-
ইউনিটের মোট		৩০৮৫.২১	১৫৬	১৫৭৮	৩০৮৫.২১	৩০৮৫.২১	৩০৮৫.২১	৩০৮৫.২১	-

ইউনিটের নাম	ব্লকের নাম	মোট এরিয়া (একরে)	মোট স্কীমের সংখ্যা	মোট চাষির সংখ্যা	ফসল ভিত্তিক এরিয়া (একর)				
					আউশ	আমন	গম	বোরো	ভূট্টা
আমঝুপি	আমঝুপি	৯৮১.৮৭	৫৪	৫১৬	৯৮১.৮৭	৯৮১.৮৭	৯৮১.৮৭	৯৮১.৮৭	-
	রঘুনাথপুর	১০৪৫.৫১	৫৩	৫৬৯	১০৪৫.৫১	১০৪৫.৫১	১০৪৫.৫১	১০৪৫.৫১	-
	সোনাপুর	১৫১৭.৩০	৭৬	৯১৪	১৫১৭.৩০	১৫১৭.৩০	১৫১৭.৩০	১৫১৭.৩০	-
ইউনিটের মোট		৩৫৪৪.৬৮	১৮৩	১৯৯৯	৩৫৪৪.৬৮	৩৫৪৪.৬৮	৩৫৪৪.৬৮	৩৫৪৪.৬৮	-

ইউনিটের নাম	ব্লকের নাম	মোট এরিয়া (একরে)	মোট স্কীমের সংখ্যা	মোট চাষির সংখ্যা	ফসল ভিত্তিক এরিয়া (একর)				
					আউশ	আমন	গম	বোরো	ভূট্টা
মুজিবনগর	মুজিবনগর	১২৯৬.১৯	৬২	১০৪৩	১২৯৬.১৯	১২৯৬.১৯	১২৯৬.১৯	১২৯৬.১৯	-
	মহাজনপুর	১১৬৪.২৩	৫৮	৫৭৯	১১৬৪.২৩	১১৬৪.২৩	১১৬৪.২৩	১১৬৪.২৩	-
	আশরাফপুর	৫৫১.৯৫	২৮	৩৫১	৫৫১.৯৫	৫৫১.৯৫	৫৫১.৯৫	৫৫১.৯৫	-
ইউনিটের মোট		৩০১২.৩৭	১৪৮	১৯৭৩	৩০১২.৩৭	৩০১২.৩৭	৩০১২.৩৭	৩০১২.৩৭	-
জোনের মোট		৯৬৪২.২৬	৪৮৭	৫৫৫০	৯৬৪২.২৬	৯৬৪২.২৬	৯৬৪২.২৬	৯৬৪২.২৬	-

উপপরিচালক (কঃ গ্রোঃ)
বিএডিসি, মেহেরপুর জোন, মেহেরপুর।

জেলার কিছু জায়গায় বারিড পাইপ ডিপ টিউবয়েলের সাথে সংযুক্ত করে সেচ প্রকল্পের ব্যবস্থা আছে। এছাড়াও বীজ শুকানোর জন্য সানিং জায়গার ব্যবস্থা করা হয়ে থাকে। এসব প্রকল্পগুলো পরীক্ষাওমূলকভাবে করা হয়েছিলো, যা এখন আর নতুন করে হচ্ছে না।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুরঃ

বিজয় কৃষ্ণ হালদার, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রধানত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ট্রেনিং প্রদান করে। এছাড়াও প্রদর্শনী, মাঠ দিবস, ফিল্ড ভিজিট, মেলা ইত্যাদি কার্যক্রমও পরিচালনা করা হয়। ৩টি মৌসুমে কৃষি প্রণোদনা দেয়া হয়। গত বছর মোট প্রায় ৮২০০০ কৃষককে এই প্রতিষ্ঠানের অন্তর্গত কৃষক সংখ্যা প্রায় দেড় লাখ। এবছর রবি

মৌসুমে প্রায় ৩৭০০০ কৃষককে ট্রেনিং দেয়া হয়েছে। এছাড়াও এই অধিদপ্তরের সার বিতরণ প্রকল্প রয়েছে। ধান ছাড়া মেহেরপুরে ভূট্টা, গম, কলা, আম, পেয়াজ, মেহেরচন্ডী কচু ইত্যাদির ব্যাপক ফলন হয়।

এক নজরে মেহেরপুর জেলার কৃষি পরিসংখ্যান

১। সাধারণ তথ্য
ক) মোট এলাকা ৭৫১৬২ হেক্টর (৭৫১.৬২ বর্গ কিলোমিটার)।
খ) উপজেলার সংখ্যা ০৩ টি।
গ) পৌরসভার সংখ্যা ০২ টি।
ঘ) ইউনিয়নের সংখ্যা ২০ টি।
ঙ) ওর্য়াডের সংখ্য ১৮০ টি।
চ) গ্রামের সংখ্যা ২৮১ টি।
ছ) মৌজার সংখ্যা ১৯৪ টি।
জ) ব্লকের সংখ্যা ৫৬ টি।

২। জনসংখ্যা
মোট ৭০৫৩৫৬ জন (২০২১ এর আদমসুমারি অনুযায়ী)
জনসংখ্যা বৃদ্ধির হার ১.২০%।

৩। খাদ্য পরিস্থিতি (২০২৩)
ক) খাদ্য প্রয়োজন (জনপ্রতি দৈনিক ৪৪২ গ্রাম হিসেবে) ১১৩৭৯৫ মে.টন।
খ) বীজ, গো-খাদ্য ও অপচয় (খাদ্য প্রয়োজনে ১১.৫৮% ধরে) ১৩১৭৮ মে.টন।
গ) মোট খাদ্য চাহিদা (ক+খ) ১২৬৯৭৩ মে.টন।
ঘ) মোট খাদ্য উৎপাদন (চাউল+গম+ভুট্টা) ৩২৯৩৩০ মে.টন।
(আউশ+রোপা আমন+বোরো+গম+ভুট্টা)
ঙ) খাদ্য উদ্বৃত্ত ২০২৩৫৭ মে.টন।

৪। জমির পরিমানঃ
ক) মোট আবাদযোগ্য জমির পরিমান (খ+গ+ঘ) ৫৮৫০৭ হেক্টর।
খ) আবাদী জমি (বর্তমানে আবাদে আছে এমন জমি) ৫৮৫০৭ হেক্টর।
গ) স্থায়ী পতিত জমি (বিগত ৫ বছরে আবাদ হয়নি এমন জমি) ০০ হেক্টর।
ঘ) সাময়িক পতিত (কোন কারনে পুরা ১ বছর আবাদ হয়নি এমন জমি) ০০ হেক্টর।
ঙ) জলাশয় ২০৫৫ হেক্টর।
চ) স্থায়ী ফল বাগান ৩০৩৮ হেক্টর।
ছ) বনভুমি ১২ হেক্টর।
জ) শহর অঞ্চল ২৭৯ হেক্টর।
ঝ) বাড়ি ঘর ৮০৪৬ হেক্টর।
ঞ) রাস্তাঘাট, অবকাঠামো ও অন্যান্য স্থাপনা ৩২২৫ হেক্টর।
মোট আয়তন (ক্রমিক নং ১ এর 'ক' এর সমান) ৭৫১৬২ হেক্টর।

৫। কৃষক পরিবারের সংখ্যা (জন) ঃ
ক) ভুমিহীন ২২৫১২ জন।
খ) প্রান্তিক ৪৪১৩৫ জন।
গ) ক্ষুদ্র ৫৪৯২৮ জন।
ঘ) মাঝারী ২১৯৬৮ জন।
ঙ) বড় ২৬৫৭ জন।
মোট চাষী ১৪৬২০০ জন।

৬। জমির ব্যবহার ঃ
ক) নীট ফসলী জমি (ক্রমিক নং ৪ এর খ এর সমান) ৫৮৫০৭ হেক্টর।
খ) এক ফসলী জমি ২২৩৬ হেক্টর।
গ) দুই ফসলী জমি ১৫২৪৬ হেক্টর।
ঘ) তিন ফসলী জমি ৪০০১০ হেক্টর।
ঙ) চার ফসলী জমি ১০১৫ হেক্টর।
চ) চারের অধিক ফসলী জমি ০ হেক্টর।
ছ) মোট ফসলী জমি ১৫৬৮১৮ হেক্টর।
জ) ফসলের নিবিড়তা ২৬৮%।
ঝ) জমি ব্যবহারের ঘনত্ব ৭৮%।

৭। আবাদযেগ্য ভূমির শ্রেণী বিন্যাস (হেঃ)
ক) উচু জমি ১৯৯৯৬ হেক্টর।
খ) মাঝারী উচু জমি ২৯১২৭ হেক্টর।
গ) মাঝারী নিচু জমি ৬৩৪৫ হেক্টর।
ঘ) নিচু জমি ৩০৩৯ হেক্টর।
ঙ) অতি নিচু জমি ০ হেক্টর।
মোট জমি (ক্রঃনং ৪ এর ক এর সামান)

৮। সেচ যন্ত্র ব্যবহার (২০২৩-২৪) ঃ

সেচ যন্ত্রের নাম	সংখ্যা (টি)	সেচকৃত জমি (হেঃ)
ক) গভীর নলকুপ	১৩৪	৯৫৪৩
খ) অগভীর নলকুপ	৩৩৯৫৫	৪৭৭৮৪
গ) পাওয়ার পাম্প	১৭	৩০০
ঘ) অন্যান্য/জিকে	৮০	৮৮০
মোট ঃ	৩৪১৮৬	৫৮৫০৭

৯। এইজেড অনুযায়ী জমির পরিমান (হেঃ)
এইজেড নং- ১১
জমির পরিমান ৫৮৫০৭ হেঃ

১০। মাটির গঠনগত বৈশিষ্ট অনুযায়ী কৃষি জমির পরিমান (এসআরডিআই গ্রন্থ অনুসরনীয়)
ক) এটেল মাটি ১৬৩১২ হেক্টর।
খ) এটেল দো-আশ মাটি ১২৮৫২ হেক্টর।
গ) দো-আশ মাটি ২২৮০৪ হেক্টর।
ঘ) বেলে দো-আশ মাটি ৬৫৩৯ হেক্টর।
ঙ) বেলে মাটি ০০ হেক্টর ।
মোট ঃ (ক্রমিক নং ৪ এর ক এর সমান) ৫৮৫০৭ হেক্টর।

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুরঃ

রাকিবুল হাসান, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।

মতামতঃ মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সমগ্র দেশব্যাপী সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড সম্পাদিত হয়।

শিক্ষা প্রতিষ্ঠান তৈরির ক্ষেত্রে শিক্ষা অধিদপ্তরের প্লানিং স্টান্ডার্ড থাকলেও বিভিন্ন কারণে সেগুলো বাস্তবায়ন হয় না, বরং অনিয়ন্ত্রিতভাবে একই এলাকায় অনেক প্রতিষ্ঠান গড়ে উঠছে।

বর্তমানে মেহেরপুর জেলায় ৩ টি টেকনিকাল কলেজ, ২ টি মাধ্যমিক বিদ্যালয়, ৩ টি সরকারি কলেজ, ২ টি বেসরকারি কলেজ, ২০ টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, ১৫ টি মাদ্রাসার সক্ষমতা বৃদ্ধি, নতুন শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন, উন্নয়ন, বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ, উর্ধ্বমুখী সম্প্রসারণ আসবাবপত্র সরবরাহ ইত্যাদির কাজ চলমান রয়েছে এবং কিছু কাজ সম্প্রতি শেষ হয়েছে। এছাড়াও , মেরামত ও সংস্কার এর আওতায় ১৭ টি সরকারি প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে, ১৮ টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এবং ৫ টি মাদ্রাসার কাজ চলমান রয়েছে এবং কিছু কাজ সম্প্রতি শেষ হয়েছে। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ২০২৪ সালের অক্টোবর মাসে প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদনের একটি পৃষ্ঠা সংযুক্তিতে দেয়া হয়েছে।

জেলা পরিষদ, মেহেরপুরঃ

মোঃ জাহিদুল ইসলাম, উচ্চমান সহকারী, জেলো পরিষদ, মেহেরপুর।



মতামতঃ মেহেরপুরের হাসপাতালটি ২৫০ শয্যা বিশিষ্ট, কিন্তু এখানে ২৫০ টা বেড নাই। সর্বোচ্চ ১৫০ টার মত বেড আছে। যার ফলে স্থানী মানুষেরা পর্যাপ্ত সেবা পাচ্ছে না। ভালো শিক্ষা প্রতিষ্ঠানের অভাব রয়েছে। অতিরিক্ত মটর সাইকেল দূর্ঘটনার অন্যতম কারণ হয়ে দাড়িয়েছে। তাছাড়া, বড়বাজার এলাকাটি অত্যন্ত জনবহুল হয়ে পড়েছে ও জ্যামের সৃষ্টি হচ্ছে। বাজারটাকে পুরাতন হাসপাতালের জায়গায় প্রতিস্থাপন করা যেতে পারে।

জেলা পরিষদ সাধারণত মেহেরপুর জেলার অন্তর্গত নানা শিক্ষা প্রতিষ্ঠান- প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কলেজ, মাদ্রাসা, টেকনিক্যাল কলেজ, বিভিন্ন সরকারি অফিস ভবন, ধর্মীয় স্থান, কবরস্থান, পার্ক, টিউবয়েল, খেলার মাঠ, ঈদগাহ ইত্যাদির বিভিন্ন ধরণের উন্নয়নের কাজ করে থাকে। বর্তমানে উপজেলা পরিষদের অধীনে প্রায় ৫০ টি প্রকল্প চলমান রয়েছে। তন্মধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠাণ ও মসজিদের উন্নয়ন, কবরস্থানের সীমানা প্রাচীর নির্মাণ, কয়েকটি সরকারি অফিসের উন্নয়ন, জেলো পরিষদ মেহেরপুর শিশুপার্ক ডাকবাংলোর পাশে বেঞ্চ নির্মাণ ইত্যাদি উল্লেখযোগ্য। চলমান প্রকল্প সমূহের তালিকা সংযুক্তিতে দেয়া হয়েছে।

সংযুক্তিঃ

পরিদর্শিত সরকারি অফিস সমূহের তালিকাঃ

সিরিয়াল নং	সরকারি অফিস সমূহের তালিকা	কার্যালয় প্রধান	সাক্ষাৎকার গ্রহণ
১.	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	উপপরিচালক	উপপরিচালক
২.	এলজিইডি	নির্বাহী প্রকৌশলী	সিনিয়র প্রকৌশলী
৩.	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	নির্বাহী প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী
৪.	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	উপপরিচালক	উপপরিচালক
৫.	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	উপপরিচালক	উপপরিচালক
৬.	পৌরসভা অফিস	প্রশাসক	পৌর কর্মকর্তা
৭.	জেলা প্রশাসক অফিস	জেলা প্রশাসক	এনডিসি
৮.	জেলা পরিষদ অফিস	নির্বাহী কর্মকর্তা	উচ্চমান সহকারী
৯.	মুজিবনগর উপজেলা পরিষদ অফিস	উপজেলা নির্বাহী কর্মকর্তা	উপজেলা নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, মেহেরপুরঃ

বিষয়: বিআরডিবি, মেহেরপুর জেলার ইউনিয়ন ভিত্তিক ২০১৪-২০২৩ সময়কাল পর্যন্ত বাস্তবায়িত প্রকল্পসমূহের তথ্য।

ক্র: নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	প্রকল্পের নাম	প্রকল্পের অগ্রগতি/ অবস্থা	অর্থায়নকারী মন্ত্রণালয়/ প্রতিষ্ঠান ও প্রাপ্ত বরাদ্দ	সময়সীমা	উদ্বোধনকারী/ ভিত্তিপ্রস্তর স্থাপনকারী এবং তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
০১	মেহেরপুর সদর	কুতুবপুর	অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩)	৪৪ টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ। (১২০ ফুট করে রাস্তা এইচবিবিকরণ)	বিআরডিবি, ৩৫.২০ লক্ষ টাকা	২০১৪-২০২৩	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	--
		আমকুপি	অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩)	৪১ টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ। (১২০ ফুট করে রাস্তা এইচবিবিকরণ)	বিআরডিবি, ৩২.৮০ লক্ষ টাকা	২০১৪-২০২৩	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	--
		বুড়িপোতা	অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩)	৩৪ টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ। (১২০ ফুট করে রাস্তা এইচবিবিকরণ)	বিআরডিবি, ২৭.২০ লক্ষ টাকা	২০১৪-২০২৩	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	--
		আমদহ	অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩)	২৬ টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ। (১২০ ফুট করে রাস্তা এইচবিবিকরণ)	বিআরডিবি, ২০.৮০ লক্ষ টাকা	২০১৪-২০২৩	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	--
		পিরোজপুর	অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩)	৩৭ টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ। (১২০ ফুট করে রাস্তা এইচবিবিকরণ) ০৫টি পাকা ড্রেন নির্মাণ	বিআরডিবি, ৩৩.৬০ লক্ষ টাকা	২০১৪-২০২৩	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	--
০২	মুজিবনগর	মোনাখালী	অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩)	১০৮ টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ। (১২০ ফুট করে রাস্তা এইচবিবিকরণ) ১০টি পাকা ড্রেন নির্মাণ	বিআরডিবি, ৯৪.৪০ লক্ষ টাকা	২০১৪-২০২৩	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	মুজিবনগর উপজেলার বাকী ০২ ইউনিয়নে পিআরডিপি-৩'এর কার্যক্রম নাই।
		দারিয়াপুর	অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩)	৯০ টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ। (১২০ ফুট করে রাস্তা এইচবিবিকরণ) ০৫টি পাকা ড্রেন নির্মাণ	বিআরডিবি, ৭৬.০০ লক্ষ টাকা	২০১৪-২০২৩	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	

(মোঃ মাসুদ রানা)
অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর
বিআরডিবি, জেলা দপ্তর
মেহেরপুর।

মোঃ জাকিরুল ইসলাম
(ই-২৪২৫)
উপ-পরিচালক
বিআরডিবি, মেহেরপুর

পৌরসভা অফিস, মেহেরপুরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
মেহেরপুর জেলাধীন ০২টি পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রকল্প
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৬)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং- ৪৬.০২.০০০০.১৮৫.১৪.২৫৫.২২- ৬৮

তারিখ : ২২/১১/২০২২খ্রিঃ।

প্রতি,
মেয়র
মেহেরপুর পৌরসভা
জেলাঃ মেহেরপুর।

বিষয়ঃ মেহেরপুর জেলাধীন ০২টি পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর আওতায় মেহেরপুর পৌরসভার ১৪টি প্যাকেজের ৫৫টি স্কীমের প্রাক্কলন পুনঃ অনুমোদন প্রদান প্রসংগে।

সূত্র ঃ ১। অত্র দপ্তরের পত্র স্মারক নং-৪৬.০২.০০০.১৮৫.১৪.২৩২.২২.৬৮১; তারিখঃ ২৫/১০/২০২২খ্রিঃ।
২। অত্র দপ্তরের পত্র স্মারক নং-৪৬.০২.০০০.১৮৫.১৪.২৩২.২২.৬৬২; তারিখঃ ১১/১০/২০২২খ্রিঃ।
৩। অত্র দপ্তরের পত্র স্মারক নং-৪৬.০২.০০০.১৮৫.১৪.২৩২.২২.৬৬৪; তারিখঃ ১১/১০/২০২২খ্রিঃ।
৪। মেহেরপুর পৌরসভার পত্র স্মারক নং-মেঃপৌঃ/প্রবি/২০২২/২৫৮; তারিখঃ ১৩/১০/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে তাঁকে জানানো যাচ্ছে যে, ১, ২ ও ৩ নং স্মারকের পত্র মারফৎ মেহেরপুর পৌরসভার মোট ১৪টি প্যাকেজের ৫৫টি স্কীমের বিপরীতে Open Tender Method (OTM) পদ্ধতিতে বাস্তবায়নের শর্তসহ অন্যান্য শর্ত দিয়ে প্রায় ২০.২৪৭৩ কোটি টাকার স্কীম অনুমোদন করা হয়। কিন্তু ৪নং সূত্রস্থ পত্র দ্বারা পৌরসভার পক্ষ থেকে ডিপিপি মোতাবেক e-gp LTM পদ্ধতিতে দরপত্র আহবানের জন্য অনুরোধ করা হয়। পৌরসভা কর্তৃপক্ষ ইতোমধ্যেই ঠিকাদারের সংখ্যা বৃদ্ধি করার ও ডিপিপিতে উক্ত সকল ক্রয় কাজ e-gp LTM এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হবে লিপিত থাকায় ডিপিপি ও সরকারী ক্রয় নীতিমালা অনুসরণ করে নিম্নলিখিত কাজগুলো পার্শে বর্ণিত e-gp LTM/OTM পদ্ধতিতে বাস্তবায়নের জন্য প্রাক্কলন পুনঃঅনুমোদন দেয়া হলো। একই সঙ্গে সূত্রস্থ ১, ২ ও ৩নং অনুমোদন পত্র বাতিল করা হলো।

পৌরসভার নাম	প্যাকেজ নং	স্কীমের বিবরণ	দৈর্ঘ্য (মিটার)	প্রাক্কলিত মূল্য (টাকা)	সালভেজ মেটিরিয়েলস এর মূল্য (টাকা)	বাস্তবায়ন সময়কাল (দিন)	দরপত্র পদ্ধতি
১	২	৩	৪	৫	৬	৭	৮
Meherpur		**Meherpur Pourashava**					
	w/meher/pour/BC-1	ক) Rehabilitation of BC road from Showkhin Store to Bhairob River, Ward no - 01, at Meherpur Pourashava. Ch.00- ch.720 m.	720	1600572.45	51192.06	150	e-gp LTM, PW-B
		খ) Rehabilitation of BC road from Shiraj Hotel to Jaffob pur Bridge Hotel Bazarr, Ward no - 01, at Meherpur Pourashava.Ch.00- ch.466m	466	1768125.96	43201.54		
		গ) Rehabilitation of BC Road from Tariq Homeo Hall to Ismail House, word no 01 at Meherpur Pourashava.Ch.00- Ch.168 m.	168	1226997.17	24398.43		
		ঘ) Rehabilitation of BC road from Land office para Ramzan house to Mogfar house, Ward no-08, at Meherpur Pourashava.ch.00- ch.177 m.	177	855469.64	25288.70		
		ঙ) Rehabilitation of BC road from Borobazar Satu Ichan house to Bakkar house, Ward no-06, at Meherpur Pourashava.ch. 00- ch.518 m.	518	2963433.84	30293.76		
		Package Total Tk.	2049	8414620.09	174474.50		

Rupa Enterp. Meherpur

(WBM)

BC Road — 21 Nos - 7730 m
RCC Road — 06 Nos
Lini-Block Road — 07 Nos
RCC Drain — 21 Nos
Total — 55 Nos

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুরঃ

অগ্রগতির প্রতিবেদন

প্রকল্পের নামঃ রাজস্ব খাতের আওতায় সরকারি প্রতিষ্ঠান সমূহে মেরামত ও সংস্কার কাজ (৪৯৩১-মাউশি)। (কোড নং- ১২৫০৩০১-১২০০০১৬০১-০০০০০০-৩২৫৮১০৮)

কাজের বিবরণঃ মেরামত

জেলাঃ মেহেরপুর।

প্রতিবেদনের মাস: অক্টোবর-২০২৪ খ্রি:।

(হিসাব লক্ষ টাকায়)

ক্রমিক নং	বিভাগ/ উপজেলা	বিদ্যা প্রতিষ্ঠানের নাম	কর্মসূচিভুক্ত কাজের নাম	অর্থ বছর	প্রজ্ঞাপন আইডি	মার্কা/ টিকাদারের নাম	কার্যাদেশের তারিখ	দরপত্র মূল্য/প্রাক্কলিত মূল্য	জুন, ২৫ পর্যন্ত লক্ষ্যমাত্রা	জুন, ২৪ পর্যন্ত অগ্রগতি		২০২৪-২৫ অর্থ বছরের অগ্রগতি		ক্রমপুঞ্জিত অগ্রগতি		ডিসেম্বর২০২৪ পর্যন্ত প্রাপ্তিদাবী	কাজ সমাপ্তির তারিখ	মন্তব্য
										বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক			
১	সদর	মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।	প্রশাসনিক ভবনের অফিস রুমের সাথে ২টি টয়লেট তৈরী ও রং করণ কাজ।	২০১৯-২০	৬৬২৩৬১	মেসার্স সততা এন্টারপ্রাইজ	৩০.০৬.২২	৭.৬০	১০০%	৫০%	০.০০	০%	০.০০	৫০%	০.০০	৭.৬০		সব কাজে, প্রাক্কলিত প্রদান করা হয়েছে
২	সদর	মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়	গেইটসহ সীমানা প্রাচীর নির্মাণ।	২০২১-২২	৮১৫০২৪	মেসার্স সাবিনা কন্সট্রাকশন	২০.০৬.২৩	১৪.২৫	১০০%	১০০%	১৪.২৫	০%	০.০০	১০০%	১৪.২৫		০৬.০৬.২০২৪	সমাপ্ত।
৩	সদর	জিপিজী প্রকৌশলীর কার্যালয়, ইইডি, মেহেরপুর।	মেরামত ও সংস্কার কাজ।	২০২২-২৩	৯১৭০৬২	সৈকত এন্টারপ্রাইজ	২৯.০২.২৪	৯.০০	১০০%	৮৫%	৮.০০	৭%	০.০০০	৯২%	৮.০০	১.০০		রং এর কাজ চলমান।
৪	সদর	জেলা শিক্ষা অফিস, মেহেরপুর।	মেরামত ও সংস্কার কাজ।	২০২২-২৩	৯১৭০৬১	সৈকত এন্টারপ্রাইজ	২৯.০২.২৪	৯.০০	১০০%	৮৫%	৮.০০	৭%	০.০০০	৯২%	৮.০০	১.০০		ইলেকট্রিক কাজ চলমান।
৫	সদর	জেলা শিক্ষা অফিস, মেহেরপুর।	মেইন গেট পুনঃনির্মাণ	২০২২-২৩	৯৩৭৮৬৭	মোঃ আশিকুজ্জামান	০২.০৪.২৪	৯.৫০	১০০%	১০০%	৯.৫০	০%	০.০০০	১০০%	৯.৫০		২৫.০৪.২০২৪	চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে।
৬	সদর	মেহেরপুর সরকারি মহিলা কলেজ	টয়লেট ব্লক আধুনিকায়নসহ মহিলা হোস্টেলের ভিতরে ও বাহিরে রংকরণ।	২০২৩-২৪	৯৫৩৫২৬	অঞ্চল ভট্টাচার্য	১৬.০৫.২৪	২৩.৭৫	১০০%	১০০%	২৩.৭৫	০%	০.০০	১০০%	২৩.৭৫		১০.০৬.২০২৪	সমাপ্ত।
৭	সদর	মেহেরপুর সরকারি আলিম উচ্চ বিদ্যালয়।	টয়লেট ব্লকের সার্বিক মেরামত ও সংস্কার	২০২৩-২৪	৯৫৩৫২৭	মোঃ আমিনুল হক খান	১৪.০৫.২৪	১৯.০০	১০০%	১০০%	১৯.০০	০%	০.০০	১০০%	১৯.০০		০৪.০৬.২০২৪	চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে।
৮	সদর	মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়	একাডেমিক ভবনের সার্বিক মেরামত ও সংস্কার	২০২৩-২৪	৯৫৩৫২৫	রিতু ইঞ্জিনিয়ার্স	২৩.০৫.২৪	১৯.০০	১০০%	০%	০.০০	৮৫%	০.০০	৮৫%	০.০০	১৯.০০		প্রাক্কলন কাজ চলমান।
৯	মুজিবনগর	মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়	কম্পিউটার ল্যাব ও অফিস কক্ষের মেরামত ও সংস্কার কাজ	২০২১-২২	৮১৫০২৮	জেস্ট কনস্ট্রাকশন	২০.০৬.২৩	৯.৫০	১০০%	১০০%	৯.৫০	০%	০.০০০	১০০%	৯.৫০		১৮.১২.২০২৩	চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে।
১০	মুজিবনগর	মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ	প্রশাসনিক ও একাডেমিক ভবনের সার্বিক মেরামত ও অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ কাজ।	২০২১-২২	৮১৫০২৯	জেস্ট কন্সট্রাকশন	২০.০৬.২৩	১৪.২৫	১০০%	১০০%	১৪.২৫	০%	০.০০০	১০০%	১৪.২৫		১৮.১২.২০২৪	চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে।

জেলা পরিষদ, মেহেরপুরঃ

জেলা পরিষদ কার্যালয়

মেহেরপুর

(www.zpmeherpur.gov.bd)

চলমান প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন ঃ-(দরপত্র)

ক্রঃ নং	প্রকল্পের নাম	উপজেলা	অর্থ বছর	প্রাক্কলিত মূল্য	প্রকল্পের ধরণ	কার্যাদেশ/ কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তের তারিখ	কাজের অগ্রগতি	ঠিকাদারে নাম ও মোবাইল নম্বর
১.	মেহেরপুর জেলা পরিষদ চত্বরে চারতলা বিশিষ্ট রেষ্ট হাউজ নির্মাণ।	মেহেরপুর সদর	২০১৮-১৯	২,৭০,২৫,০৭৩ /-	দরপত্র	৩১-০৮-২০২২	৩১-১২-২০২৪	৫৭%	মেসার্স সাইফুল হাসা জোয়ার্দ্দার ০১৭১১-২৮০৩৪৬
২.	দক্ষিন শালিকা হালসোনাপাড়া ওয়াক্তিয়া মসজিদের উন্নয়ন।	মেহেরপুর সদর	২০২২-২৩	৬,০০,০০০/-	দরপত্র	১২-১০-২০২৩	১৪-০৪-২০২৪	২০%	জারা কনস্ট্রাকশন প্রোঃ মোহাঃ শাহিন আজাদ সাথি। ০১৭৪৭-৫৭৫০০০
৩.	চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়ের উন্নয়ন।	ঐ	২০২২-২৩	৪,৯৯,০০০/-	দরপত্র	১৭-০৪-২০২৪	৩১-১২-২০২৪	৭০%	অঞ্চল ভট্টার্য হোটেল বাজার ০১৭১৬-৭৭০৫০০
৪.	জেলা আইনজীবি সমিতি ভবন মেহেরপুর এর উন্নয়ন।২.০০ লক্ষকোমরপুর এস এম বি ওয়াক্তিয়া মসজিদের উন্নয়ন। ৪.৯০ লক্ষ	মেহেরপুর সদর/মুজিবনগর	২০১৯-২০ ২০২০-২১	৬,৯০,০০০/-	দরপত্র	১২-১০-২০২৩	১৪-১০-২০২৪	৮০%	গোলাম রহমান এন্ড সন্স প্রোঃ মোঃ সোয়েব রহমান স্টেডিয়ামপাড়া, মেহেরপুর 0-1716-134871
৫.	বাশঁবাড়িয়া কবরস্থানপাড়া জামে মসজিদের উন্নয়ন। ১.০০ লক্ষ জেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য- ০২ ওয়ার্ডে সেলাই মেশিন বিতরণ। ৭.৫০ লক্ষ।	গাংনী	২০২১-২২ ২০২২-২৩	৮,৫০,০০০/-	দরপত্র	১২-১০-২০২৩	৩১-১২-২০২৪	৩০%	মেসার্স সামিয়া ট্রেডার্স প্রোঃ মোঃ জাকির হোসে টিপু বামুন্দী, গাংনী, মেহেরপুর ০১৭৭১-৯৯৯৯৪১

চলমান পাতা নং